# চট্টগ্রামের আলোচিত সন্ত্রাসী ডেভিড ইমন যশোরে গ্রেপ্তার




ডেভিড ইমন। ছবি: সংগৃহীত

চট্টগ্রামে সন্ত্রাসী কর্মকাণ্ডের অভিযোগে আলোচিত ডেভিড ইমনকে যশোরের ঝিকরগাছা থেকে গ্রেপ্তার করেছে চট্টগ্রাম জেলা পুলিশ। এ সময় তার সঙ্গে থাকা আরও চারজনকেও আটক করা হয়। বুধবার (২৯ জুলাই) অভিযান চালিয়ে তাদের গ্রেপ্তার করা হয়েছে।

পুলিশ ও সংশ্লিষ্ট সূত্রের তথ্য অনুযায়ী, ডেভিড ইমনের বিরুদ্ধে চট্টগ্রামে দীর্ঘদিন ধরে চাঁদাবাজি, অবৈধ অস্ত্র ব্যবহারসহ বিভিন্ন অপরাধমূলক কর্মকাণ্ডে জড়িত থাকার অভিযোগ রয়েছে। সম্প্রতি তার কয়েকজন সহযোগী গ্রেপ্তার হওয়ার পর তাদের কাছ থেকে পাওয়া তথ্যের ভিত্তিতে তার অবস্থান শনাক্ত করে অভিযান চালানো হয়।

এর আগে গত রোববার রাতে চট্টগ্রাম নগরের অক্সিজেন-কুয়াইশ সড়কের ওয়াজেদিয়া এলাকায় অভিযান চালায় চট্টগ্রাম মহানগর পুলিশ (সিএমপি)। ওই অভিযানে ডেভিড ইমনের দুই সহযোগী মো. আসিফ (২৫) ও সাইদুল ইসলাম ওরফে আরিফকে (২৪) গ্রেপ্তার করা হয়।

পুলিশ জানায়, গ্রেপ্তার হওয়া দুই সহযোগীর কাছ থেকে পাওয়া তথ্য এবং গোয়েন্দা নজরদারির মাধ্যমে ডেভিড ইমনের অবস্থান সম্পর্কে নিশ্চিত হওয়া যায়। পরে চট্টগ্রাম জেলা পুলিশের একটি দল যশোরের ঝিকরগাছায় অভিযান চালিয়ে ডেভিড ইমনসহ মোট পাঁচজনকে গ্রেপ্তার করে।

LENS ASIA